



যুক্তরাষ্ট্র-ইরানের ভার্চুয়াল সমঝোতা চুক্তিতে সই: সিএনএন



ছবি:সংগৃহীত

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে চলমান উত্তেজনা কমানোর লক্ষ্যে একটি সমঝোতা স্মারকে ভার্চুয়ালি স্বাক্ষর হয়েছে বলে জানিয়েছে সিএনএন। মার্কিন প্রশাসনের এক জ্যেষ্ঠ কর্মকর্তার তথ্য অনুযায়ী, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও ভাইস প্রেসিডেন্ট জে. ডি. ভ্যান্স অনলাইনে চুক্তিতে সই করেন। ইরানের পক্ষে স্বাক্ষর করেন দেশটির পার্লামেন্ট স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাক।

প্রতিবেদনে বলা হয়েছে, চুক্তির আওতায় ইরানের বন্দরসংক্রান্ত কিছু মার্কিন নিষেধাজ্ঞা প্রত্যাহার, হরমুজ প্রণালিতে স্বাভাবিক নৌচলাচল পুনরায় চালু এবং আগামী দুই মাসের মধ্যে পারমাণবিক ইস্যুতে নতুন আলোচনা শুরু করার বিষয় অন্তর্ভুক্ত রয়েছে।

তবে চুক্তির পূর্ণ বিবরণ এখনও প্রকাশ করা হয়নি। হোয়াইট হাউস জানিয়েছে, আনুষ্ঠানিক ঘোষণার পর নথিটি জনসমক্ষে আনা হতে পারে। এদিকে হরমুজ প্রণালির ব্যবস্থাপনা নিয়ে ওয়াশিংটন ও তেহরানের বক্তব্যে কিছু পার্থক্যও দেখা গেছে।

চুক্তি প্রসঙ্গে প্রতিক্রিয়া জানিয়ে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু বলেন, বিভিন্ন বিষয়ে তার ও ট্রাম্পের অবস্থান এক নয়। একই সময়ে লেবাননের দক্ষিণাঞ্চলে ইসরায়েল ও হিজবুল্লাহর মধ্যে উত্তেজনা অব্যাহত রয়েছে বলে জানা গেছে।